শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদ্রাসা শাখা-১
বাংলাদেশ সচিবালয়,
www.tmed.gov.bd

নং- ৫৭.০০.০০০০.০৫৫.৩৩.০১০.২১-১০৮

তারিখ ঃ ১৪ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
২৯ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

**বিষয়:** দেশের ০৩টি সরকারি আলিয়া মাদ্রাসা এবং বেসরকারি (স্বতন্ত্র এবতেদায়ী, দাখিল, আলিম, ফাজিল ও কামিল) মাদ্রাসাসমূহের ২০২৩ সালের বাৎসরিক ছুটির তালিকা অনুমোদন।

সূত্র: মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০১.৫২..০০২.২২-১৪২, তারিখ: ১০/১১/২২খ্রি: ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি ও বেসরকারি (স্বতন্ত্র এবতেদায়ী. দাখিল, আলিম, ফাজিল ও কামিল) মাদ্রাসাসমূহের জন্য ২০২৩ সালের বাৎসরিক ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জি সরকার নিম্নোক্তভাবে অনুমোদন করেছে:

| ক্র. ন. | ছুটির উপলক্ষ্য | তারিখ ও বার | তারিখ, বঙ্গাব্দ | দিন |
|---|---|---|---|---|
| ১. | *শব-ই-মিরাজ | ১৯ ফেব্রুয়ারী, রবিবার | ০৬ ফাল্গুন/১৪২৯ | ০১ দিন |
| ২. | শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | ২১ ফেব্রুয়ারী, মঙ্গলবার | ০৮ ফাল্গুন,১৪২৯ | ০১ দিন |
| ৩. | *শব-ই-বরাত | ০৮ মার্চ, বুধবার | ২৩ ফাল্গুন/১৪২৯ | ০১ দিন |
| ৪. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস | ১৭ মার্চ, শুক্রবার | ০৩ চৈত্র/১৪২৯ | ০০ দিন |
| ৫. | *পবিত্র রমজান, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস (২৬ মার্চ, রবিবার), বাংলা নববর্ষ (১৪ এপ্রিল, শুক্রবার), *লাইলাতুল-ক্বদর (১৯ এপ্রিল, বুধ বার), জুমআতুল-বিদা (২১ এপ্রিল, শুক্রবার) ও *ঈদ-উল-ফিতর (২২ এপ্রিল, শনিবার) | ২২ মার্চ, বুধবার থেকে ২৭ এপ্রিল, বৃহস্পতিবার | ৮ চৈত্র/১৪২৯ থেকে ১৪ বৈশাখ/১৪৩০ | ২৭ দিন |
| ৬. | মে দিবস | ০১ মে, সোমবার | ১৮ বৈশাখ/১৪৩০ | ০১ দিন |
| ৭. | *বুদ্ধ পূর্ণিমা | ০৪ মে, বৃহস্পতিবার | ২১ বৈশাখ/১৪৩০ | ০১ দিন |
| ৮. | *পবিত্র ঈদ-উল-আযহা (২৯ জুন) ও গ্রীষ্মকালীন অবকাশ | ২৫ জুন, রবিবার থেকে ০৬ জুলাই, বৃহস্পতিবার | ১১ আষাঢ়/১৪৩০ থেকে ২২ আষাঢ়/১৪৩০ | ১০ দিন |
| ০৯. | *হিজরী নববর্ষ | ২০ জুলাই, বৃহস্পতিবার | ৫ শ্রাবণ/১৪৩০ | ০১ দিন |
| ১০. | *পবিত্র আশুরা | ২৯ জুলাই, শনিবার | ১৪ শ্রাবণ/১৪৩০ | ০০ দিন |
| ১১. | জাতীয় শোক দিবস | ১৫ আগস্ট, মঙ্গলবার | ৩১ শ্রাবণ/১৪৩০ | ০১ দিন |
| ১২. | শুভ জন্মাষ্টমী | ০৬ সেপ্টেম্বর, বুধবার | ২২ ভাদ্র/১৪৩০ | ০১ দিন |
| ১৩. | *আখেরি চাহার সোম্বা | ১৩ সেপ্টেম্বর, বুধবার | ২৯ ভাদ্র/১৪৩০ | ০১ দিন |
| ১৪. | *পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবি (সা.) | ২৮ সেপ্টেম্বর, বৃহস্পতিবার | ১৩ আশ্বিন/১৪৩০ | ০১ দিন |
| ১৫. | দুর্গাপূজা (দশমী) | ২৪ অক্টোবর, মঙ্গলবার | ০৮ কার্তিক/১৪৩০ | ০১ দিন |
| ১৬. | *ফাতেহা-ই- ইয়াজদাহম | ২৭ অক্টোবর, শুক্রবার | ১১ কার্তিক/১৪৩০ | ০০ দিন |
| ১৭. | মহান বিজয় দিবস (১৬ ডিসেম্বর, শনিবার), ঈসা (আ: ) এর জন্মদিবস (২৫ ডিসেম্বর, সোমবার) ও শীতকালীন অবকাশ | ১৪ ডিসেম্বর, বৃহস্পতিবার থেকে ৩১ ডিসেম্বর, রবিবার | ২৯ অগ্রহায়ণ/১৪৩০ থেকে ১৬ পৌষ/১৪৩০ | ১২ দিন |
| ১৮. | প্রতিষ্ঠান প্রধানের সংরক্ষিত ছুটি | | | ০৩ দিন |
| | | | **সর্বমোট** | **=৬৩দিন** |

***চিহ্নিত ছুটির তারিখ চাঁদ দেখার উপর নির্ভরশীল।**

**পরীক্ষার সময়সূচি- ২০২৩ খ্রিষ্টাব্দ**

| পরীক্ষার নাম | তারিখ ও বার | ফলাফল প্রকাশ |
|---|---|---|
| অর্ধ-বার্ষিক পরীক্ষা | ০৪ জুন, ২০২৩ থেকে ২৪ জুন, ২০২৩ | ১০ জুলাই. ২০২৩ |

| | | |
|---|---|---|
| দাখিল নির্বাচনী পরীক্ষা | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের নির্ধারিত সময়সূচি অনুযায়ী | - |
| বার্ষিক পরীক্ষা | ২৩ নভেম্বর, ২০২৩ থেকে ১৩ ডিসেম্বর, ২০২৩ | ২৮ ডিসেম্বর, ২০২৩ |

**অনুসরণীয় নির্দেশনা:**

১. শিক্ষাবর্ষ হবে ১ জানুয়ারী, ২০২৩ থেকে ৩১ ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত। ১ম কর্মদিবস অর্থাৎ ০১ জানুয়ারী পাঠ্যপুস্তক দিবস হিসেবে উদযাপন করতে হবে;

২. প্রতিটি মাদ্রাসা শিক্ষার গুণগত মান বৃদ্ধিকল্পে উল্লিখিত সময়সূচি মোতাবেক অর্ধ-বার্ষিক পরীক্ষা, নির্বাচনী পরীক্ষা ও বার্ষিক পরীক্ষা নিশ্চিত করবে এবং বার্ষিক পরীক্ষার উত্তরপত্র অন্তত ১ (এক) বছর সংরক্ষণ করবে;

৩. মাদ্রাসা শিক্ষা কর্তৃপক্ষ স্ব-স্ব মাদ্রাসার পরীক্ষার প্রশ্নপত্র (পাবলিক পরীক্ষা ব্যতীত) নিজেরাই প্রণয়ন করবে। কোন অবস্থাতেই প্রশ্নপত্র ক্রয় করে পরীক্ষা নেয়া যাবে না;

৪. পরীক্ষার নির্ধারিত তারিখ পরিবর্তন করা যাবে না। তবে কোন বিশেষ কারণে পরীক্ষার তারিখ পরিবর্তন করতে হলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের পূর্বানুমতি গ্রহণ করতে হবে;

৫. সাপ্তাহিক ছুটি (শুক্রবার ও শনিবার) ব্যতীত বছরে মোট ছুটি ৬৩ দিন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক যে সকল সাধারণ ছুটি (পাবলিক হলিডে) এবং নির্বাহী আদেশে সরকারি ছুটি বলে ঘোষণা করা হবে, সে সকল দিন উক্ত ৬৩দিনের অন্তর্ভুক্ত হবে;

৬. কোন সরকারি কর্মকর্তার পরিদর্শন উপলক্ষে মাদ্রাসা ছুটি দেয়া যাবেনা, সংবর্ধনা/পরিদর্শন উপলক্ষে শিক্ষার্থীদের ক্লাস বন্ধ করা যাবে না এবং সংবর্ধিত/পরিদর্শনকারী ব্যক্তির প্রতি সম্মান প্রদর্শনের জন্য শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করানো যাবে না;

৭. ছুটিকালীন সময়ে অনুষ্ঠেয় ভর্তি/অন্যান্য পরীক্ষা অনুষ্ঠানের জন্য প্রয়োজনে মাদ্রাসা খোলা রাখতে হবে;

৮. উপবৃত্তি, ভর্তি পরীক্ষা, ইবতেদায়ী সমাপনী পরীক্ষা, জুনিয়র দাখিল সার্টিফেকেট পরীক্ষা ও অন্যান্য পরীক্ষার সময়ে প্রয়োজনে মাদ্রাসা খোলা রাখতে হবে;

৯. পাবলিক পরীক্ষার কেন্দ্র থাকলে উক্ত মাদ্রাসায় পরীক্ষার সময় বিকল্প ব্যবস্থায় এবং কেন্দ্র ব্যতীত অন্যান্য মাদ্রাসায় যথারীতি শ্রেণি কার্যক্রম চালু থাকবে। কোনো অবস্থাতেই পাঠদান/ শ্রেণি কার্যক্রম বন্ধ রাখা যাবে না;

১০.প্রত্যেক মাদ্রাসায় দৈনিক পাঠের ডায়েরী ছাপাতে হবে এবং শিক্ষার্থীদের মধ্যে তা বিতরণ করতে হবে। এ ডায়রীতে ছাত্র-ছাত্রী পরিচিতি, আচরণ বিধি, অভিভাবকদের প্রতি পরামর্শ, শিক্ষকগণের নাম, ধর্মীয় ও নৈতিক শিক্ষার জরুরী নির্দেশাবলী, ছুটির তালিকা এবং ক্লাস রুটিন অন্তর্ভুক্ত থাকবে। ডায়েরীতে প্রতিদিন অভিভাবকের স্বাক্ষর নিতে হবে;

১১.পবিত্র ঈদ-ই-মিল্লাদুন্নবী (স.), শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্ম দিবস ও শিশু দিবস, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, জাতীয় শোক দিবস, মহান বিজয় দিবসসহ অন্যান্য জাতীয় দিবসে প্রতিষ্ঠানে শ্রেণি কার্যক্রম বন্ধ থাকবে; তবে প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট দিবসের গুরুত্ব ও তাৎপর্য সম্পর্কে বিভিন্ন আলোচনা/অনুষ্ঠানের আয়োজন করতে হবে;

১২. প্রতিটি মাদ্রাসায় সরকার ঘোষিত সৃজনশীল মেধা অন্বেষণ কর্মসূচি পালন করতে হবে। সেই সাথে শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে ২০২৩ সনের জন্য শিক্ষার উন্নয়নমুলক পরিকল্পনা প্রণয়নক্রমে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করতে হবে;

১৩. সংরক্ষিত ছুটি ভোগ করলে সংশ্লিষ্ট মাদ্রাসাকে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় বরাবরে অবহিত করতে হবে;

১৪. সাপ্তাহিক ছুটি ০২ দিন নির্ধারণ করায় প্রতিটি মাদ্রাসা যথাযথ পাঠপরিকল্পনা প্রণয়নপূর্বক সিলেবাস সমাপ্ত করবেন।

২৯/১২/2022

(হাছিনা আক্তার)
উপসচিব
ফোন: ৫৫১০১১২৭
ইমেইল: dsmad@tmed.gov.bd

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
নিউ বেইলী রোড, ঢাকা।

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল:**

১) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা ।

২) অতিরিক্ত সচিব (মাদ্রাসা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।